

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৩৬৩

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫০. নামাযের মধ্যে ভুলক্রটি হওয়া ও তার বিধান এবং এই বিষয় সংক্রান্ত প্রাসঙ্গিক হাদীস। নামাযরত অবস্থায় নামাযীর সামনে দিয়ে কোন কিছু অতিক্রম করলে তাতে নামায নষ্ট হয় না

بَابُ صِفَةِ السَّهْوِ فِي الصَّلَاةِ وَأَحْكَامِهِ وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِي ذَلِكَ وَأَنَّهُ لَا يَقْطَعُ الصَّلَاةَ شَيْءٌ يَمُرُّ بَيْنَ يَدَيْهِ

## আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ أَحْمَدَ بْنِ سَعِيدِ الرَّهَاوِيُّ ، ثَنَا الْعَبَّاسُ بْنُ عُبَيْدِ اللَّهِ الرَّهَاوِيُّ، ثَنَا الْعَبَّاسُ عَنْ عَبْدِ عَمَّارُ بْنُ مَطْرٍ ، ثَنَا ابْنُ ثَوْبَانَ عَنْ أَبِيهِ عَنْ مَكْحُولٍ عَنْ كُرَيْبٍ عَنِ ابْنِ عَبَّاسٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ \_ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ " إِذَا سَهَا أَحَدُكُمْ فِي الثِّنْتَيْنِ أَوِ الْوَاحِدَةِ فَلْيَجْعَلْهَا وَاحِدَةً وَإِذَا شَكَّ فِي الثِّنْتَيْنِ أَوِ الثَّلَاثِ فَلْيَجْعَلْهَا اثْنَتَيْنِ وَإِذَا شَكَّ فِي الثِّنْتَيْنِ أَوِ الثَّلَاثِ فَلْيَجْعَلْهَا اثْنَتَيْنِ وَإِذَا شَكَّ فِي الثِّنْتَيْنِ أَوِ الثَّلَاثِ فَلْيَجْعَلْهَا اثْنَتَيْنِ وَإِذَا شَكَّ فِي الثِّنْتَيْنِ أَوِ الْأَرْبَعِ فَلْيَجْعَلْهَا ثَلَاثًا ثُمَّ لَيُتِمَّ مَا بَقِيَ حَتَّى يَكُونَ الْوَهُمُ فِي وَإِذَا شَكَّ فِي الثِّيْادِةِ وَلَا يَكُونُ فِي النَّقُصَانِ ثُمَّ يَسْجُدُ سَجْدَتَيْنِ وَهُوَ جَالِسٌ

## বাংলা

১৩৬৩(১৫). আল-হাসান ইবনে আহমাদ ইবনে সাঈদ আর-রাহাবী (রহঃ) ... আবদুর রহমান ইবনে আওফ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ দ্বিতীয় অথবা প্রথম রাকআতে ভুল করলে সে যেন এটাকে এক রাকআত গণ্য করে, আর দুই রাকআত অথবা তিন রাকআত সম্পর্কে সন্দেহ করলে সে যেন এটাকে দুই রাকআত গণ্য করে এবং তিন রাকআত অথবা চার রাকআতের মধ্যে সন্দেহ করলে সে যেন এটাকে তিন রাকআত গণ্য করে, অতঃপর অবশিষ্ট নামায পূর্ণ করে, যাতে অধিক হওয়ার ব্যাপারে সন্দেহ হয়, কম হওয়ার ব্যাপারে সন্দেহ না হয়। তারপর সে বসা অবস্থায় দুইটি সিজদা করবে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু 'আওফ (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন